# Rajshahi Medical University

Office of the Inspector of Colleges
Professor's Quater, Rajshahi Medical College Campus, Rajshahi-6000
E-mail: rmu.inspector@gmail.com, H/Phone: +8801916089071
Web: www.rmu.edu.bd


১০ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ
তারিখঃ------------------------
স্মারক নংঃ রামেবি/ ক.প./গ. কা./২১২/২০২৫/ ১১৭০ ২৩ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ

## রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের গবেষণা অনুদানের শর্তাবলি

১। প্রস্তাবিত গবেষণাটি বাংলাদেশে পরিচালনা করতে হবে।

২। প্রকল্পের মেয়াদকাল ১ বছর বা ১২ মাস। প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পর, চূড়ান্ত প্রতিবেদন পরবর্তী ৬ মাসের মধ্যে জমা দিতে হবে তবে সন্তোষজনক অগ্রগতি সাপেক্ষে ও মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে সর্বোচ্চ আরও ৬ মাসের গ্রেস পিরিয়ড দেয়া যেতে পারে। প্রকল্পের ১ম কিস্তির টাকা ছাড়ের তারিখ থেকে প্রকল্পের মেয়াদ গণনা শুরু হবে।

৩। অনুমোদিত গবেষণা প্রকল্পের টাকা ২টি কিস্তিতে ছাড় করা হবে; মোট বাজেটের মধ্যে মূখ্য গবেষকের/প্রকল্প পরিচালকের সম্মানী ব্যতীত অবশিষ্ট অর্থ ১ম কিস্তিতে ছাড় করা হবে এবং মূখ্য গবেষকের/প্রকল্প পরিচালকের সম্মানী ২য় কিস্তিতে ছাড় করা হবে। গবেষণা প্রকল্পের কাজ পরিচালনা/তত্ত্বাবধান করার জন্য মূখ্য গবেষক/প্রকল্প পরিচালক সম্মানী হিসাবে এক মাসের মূলবেতনের সমপরিমাণ (যা ৫০,০০০/- টাকার উর্ধ্বে নয়) অর্থ পাবেন।

৪। গবেষণা প্রকল্পের কাজে সহায়তা করার জন্য মূখ্য গবেষক/প্রকল্প পরিচালক ১ জন গবেষণা সহকারী নিয়োগ দিতে পারবেন। গবেষণা সহকারীকে ৪ (চার) বছরের স্নাতক ডিগ্রীধারী বা সমমানের হতে হবে এবং ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে। রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ যে কোন প্রতিষ্ঠানের শিক্ষক হিসাবে নিয়োগ পাওয়ার যোগ্য কোন ব্যক্তিকে গবেষণা সহকারী হিসাবে নিয়োগ দেয়া যেতে পারে। তবে অন্যকোনো উৎস থেকে সমমানের ফেলোশিপ প্রাপ্ত ব্যক্তিকে নিয়োগ দেয়া যাবে না। নিয়মিত কোন শিক্ষক গবেষণা সহকারী হিসাবে কাজ করতে চাইলে নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে ছুটি নিয়ে প্রকল্পের গবেষণা সহকারী হিসাবে কাজ করতে পারবেন। গবেষণা সহকারী প্রযোজনে সহ-গবেষক (Co-Investigator) হিসাবে বিবেচিত হতে পারবেন।

৫। গবেষণা সহকারীর যোগদানের তারিখ, যোগদানপত্র, এনআইডি, জীবন-বৃত্তান্ত ও শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটসমূহের সত্যায়িত কপি তাঁর সম্মতিপত্রের সাথে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

৬। গবেষণা সহকারীর নিয়োগপত্রে তার মাসিক সম্মানী উল্লেখ থাকতে হবে। প্রকল্প চলাকালীন সময় গবেষণা সহকারী পদত্যাগ করলে নতুন গবেষণা সহকারীর নিয়োগপত্র ও যোগদানপত্র যথানিয়মে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

৭। গবেষণা সহকারীর মাসিক ভাতা ১০,০০০/- (দশ হাজার) টাকা হিসাবে সর্বোচ্চ ১২ মাস, তবে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকার উর্ধ্বে হবে না এবং ল্যাব এ্যাটেনডেন্ট/উপাত্ত সংগ্রহকারীর মাসিক ভাতা ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা, তবে ২৮,০০০/- (আঠাশ হাজার) টাকার উর্ধ্বে হবে না। উল্লেখ্য যে, গবেষণা সহকারীর ভাতা বাবদ বরাদ্দকৃত ১,২০,০০০/- টাকা অন্য কোন খাতে স্থানান্তর করা যাবে না।

৮। প্রয়োজন অনুযায়ী মূখ্য গবেষক/প্রকল্প পরিচালক গবেষণা সহকারী ও উপাত্ত সংগ্রহকারী ২টি পদেই লোক নিয়োগ দিতে পারবেন।

৯। প্রকল্পের মেয়াদ ১ বছর পূর্ণ হওয়ার পর চূড়ান্ত প্রতিবেদন জমা দিতে হবে। চূড়ান্ত প্রতিবেদনে প্রকল্পে নিয়োজিত গবেষণা সহকারী ও অন্যান্য সহকারীদের পরিচয়সহ কর্মকাল এবং গবেষণা কাজে তাদের অবদান উল্লেখ থাকতে হবে। সেই সাথে ১ম কিস্তি বাবদ ছাড়কৃত অর্থ যথাযথ খরচ করা হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অর্থ ও হিসাব বিভাগ থেকে একটি প্রত্যয়নপত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পাঠাতে হবে।

১০। গবেষণা চূড়ান্ত প্রতিবেদনের সাথে আবেদন ফরমের 'ডি' অংশের বিভাজন অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাবলি (প্রকল্পের অনুকূলে ছাড়কৃত অর্থের খাতভিত্তিক ব্যয় বিবরণী) জমা দিতে হবে।

১১। গবেষণা চূড়ান্ত প্রতিবেদনটি বিশেষজ্ঞ মূল্যায়ন কমিটির মতামতের ভিত্তিতে বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত হওয়ার পর ২য় ও শেষ কিস্তির অর্থ (মূখ্য গবেষকের/প্রকল্প পরিচালকের সম্মানী) ছাড় করা হবে।

১২। গবেষণা চূড়ান্ত প্রতিবেদনটি (প্রয়োজন হলে) বিশেষজ্ঞ কমিটির পরামর্শ অনুযায়ী পরিবর্তন, পরিমার্জন, সংযোজন বা বিয়োজন করা হবে।

১৩। গবেষণা চূড়ান্ত প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে জমা না দিলে ১৫দিন সময় দিয়ে সর্বোচ্চ ৩টি তাগিদপত্র দেয়া হবে। সর্বশেষ তাগিদপত্রটি চূড়ান্ত তাগিদপত্র হিসাবে গণ্য হবে।

১৪। চূড়ান্ত তাগিদপত্র দেয়ার পরও চূড়ান্ত প্রতিবেদন জমা দিতে ব্যর্থ হলে প্রকল্পটি বাতিল বলে গণ্য হবে। সেক্ষেত্রে প্রকল্পের অনুকূলে ছাড়কৃত সমুদয় অর্থ ফেরত দিতে মূখ্য গবেষক/প্রকল্প পরিচালক বাধ্য থাকবেন মর্মে মুচলেকা দিতে হবে।

১৫। গবেষণা কাজের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত আর্থিক অনুদানের টাকায় ক্রয়কৃত যে কোন বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রী যে প্রতিষ্ঠানে গবেষণা কার্যক্রম পরিচালিত হবে তার সম্পত্তি বলে গণ্য হবে এবং ক্রয়কৃত এসব সামগ্রী মূখ্য গবেষকের/প্রকল্প পরিচালকের বিভাগে অথবা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিভাগের/গ্রন্থাগারের Accession Register-এ লিপিবদ্ধ করতে হবে। এগুলো বিভাগে/গ্রন্থাগারে গৃহীত হয়েছে এই মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে একটি প্রত্যয়নপত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। অনুদান গ্রহণকারী তাঁর গবেষণা কাজের সুবিধার জন্য ওই সকল সামগ্রী প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী নিজ নামে ইস্যু করে ব্যবহার করতে পারবেন।

১৬। গবেষণা প্রকল্পের কাজ চলাকালীন সময়ে অন্য কোনো প্রকল্পের কাজে হাত দেয়া বা কাজ অসমাপ্ত রেখে দীর্ঘ দিনের জন্য (তিন মাসের বেশি) বিদেশে গমনের পূর্বে মূখ্য গবেষক/প্রকল্প পরিচালককে বিশ্ববিদ্যালয়ের অনুমতি নিতে হবে। বিদেশ গমনের ক্ষেত্রে মূখ্য গবেষক/প্রকল্প পরিচালক বিশ্ববিদ্যালয় থেকে গৃহীত অর্থের পূর্ণ হিসাব দাখিল করবেন এবং উদ্বৃত্ত অর্থ (যদি থাকে) ফেরত দিবেন।

১৭। মূখ্য গবেষক/প্রকল্প পরিচালক এর কর্মস্থল পরিবর্তন হলে অবশ্যই প্রকল্প স্থানান্তরের বিষয়টি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

১৮। গবেষণা প্রকল্প চলাকালীন সময়ে মূখ্য গবেষক চাকরি থেকে অব্যাহতি নিলে কিংবা চাকরি থেকে অবসর গ্রহণ করলে প্রকল্পের অনুকূলে ছাড়কৃত অর্থের সমন্বয়ের দায় মূখ্য গবেষক কে বহন করতে হবে।

১৯। প্রতিষ্ঠানসমূহের অন্যান্য আর্থিক লেনদেনের মতো বিশ্ববিদ্যালয়ের গবেষণা সংক্রান্ত যাবতীয় আর্থিক লেনদেনের বিষয়টিও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিরীক্ষণ (Internal audit) ও সরকারি নিরীক্ষণের আওতাভুক্ত হবে।

২০। রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের গবেষণা তহবিলে সম্পাদিত গবেষণা কাজের ফলাফল প্রকাশনার জন্য সংশ্লিষ্ট গবেষককে বিশ্ববিদ্যালয়ের পূর্ব অনুমতি নিতে হবে এবং সকল প্রকাশনার ক্ষেত্রে আর্থিক অনুদানের কথা উল্লেখ করতে হবে।

২১। গবেষণা কর্ম স্বীকৃত Peer reviewed জার্ণালে প্রকাশিত হলে প্রবন্ধের এক কপি বিশ্ববিদ্যালয়ে জমা দিলে মূখ্য গবেষক/প্রকল্প পরিচালককে এজন্য এক হাজার টাকা সম্মানী প্রদান করা হবে।

২২। প্রতিষ্ঠান প্রধানের অনুস্বাক্ষর যুক্ত গবেষণা কাজের অগ্রগতি মূখ্য গবেষক কে প্রত্যেক ৬ মাস পর পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে।

২৩। মূখ্য গবেষক বা সহ-গবেষক হিসাবে একজন গবেষক সর্বোচ্চ ৩টি প্রকল্পের আবেদন করতে পারবেন তবে মূখ্য গবেষক হিসাবে শুধুমাত্র একটি গবেষণা প্রকল্পের অনুমোদন পাবেন।

২৪। সহ-গবেষক হিসাবে একজন গবেষক সর্বোচ্চ ৩টি গবেষণা প্রকল্পে নাম অন্তর্ভুক্ত করতে পারবেন।

উপরে বর্ণিত শর্তাবলি অনুসরণ করা সাপেক্ষে প্রকল্পের কাজ গ্রহণ করলাম।

| | | |
|---|---|---|
| অফিসের সীলমোহরসহ প্রতিষ্ঠান প্রধানের প্রতিস্বাক্ষর | বিভাগীয় প্রধানের স্বাক্ষর | মূখ্য গবেষকের পুরো নাম ও স্বাক্ষর |

নাম ঃ.............................................

পদবি ঃ.............................................

বিভাগ ঃ.............................................

কলেজ/প্রতিষ্ঠান ঃ.............................................

তারিখ ঃ.............................................

মোবাইল নং ---------------------------------------------